তারিখ ... ৭।৭।৮২ ...
পৃষ্ঠা ... ১ কলাম ... ৩ ...

দৈনিক বাংলা

গ্রন্থাগার

# স্কুলের পাঠ্য বইয়ের দাম ৫ টাকার মধ্যে রাখা উচিত

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশের শতকরা ৯৮ জন ক্রেতাই স্কুল পাঠ্যবইয়ের মূল্য পাঁচ টাকার মধ্যে রাখা উচিত বলে মনে করেন।

জাতীয় গ্রন্থকেন্দ্র দেশের ৪টি জেলায় এক জরিপে এই তথ্য সংগ্রহ করেছে। জরিপে কলেজ পর্যায়ের পাঠ্যপুস্তকের দাম ২০ থেকে ২৫ টাকার মধ্যে রাখার পক্ষে মত দিয়েছেন শতকরা ৫০ জন ক্রেতা। এই বই ১০ থেকে ২৫

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## বইয়ের দাম

(১ম পৃঃ পর)

টাকার মধ্যে দাম রাখার পক্ষে মত দিয়েছেন শতকরা ৩৪ জন।

জাতীয় গ্রন্থকেন্দ্র জরিপের মাধ্যমে আরো জানতে পেরেছে যে দেশের পুস্তক বিক্রেতাদের মূল সমস্যা হচ্ছে মূলধনের সমস্যা। খুলনা, রংপুর, সিলেট ও চট্টগ্রাম জেলার ২শ বইয়ের দোকান জরিপ করে এই তথ্য জানা গেছে।

বৃহস্পতিবার জাতীয় গ্রন্থকেন্দ্রের সংবাদ বিজ্ঞপ্তিতে জরিপ রিপোর্ট উল্লেখ করে আরো বলা হয়েছে যে পুস্তক বিক্রেতারা তাদের বর্তমান সমস্যা হিসেবে স্কুল পাঠ্যবই ব্যবসায় সরকারী ব্যবস্থাপনা, নোটবই বিক্রিতে সরকারী নিষেধাজ্ঞা, প্রকাশকের প্রদত্ত কমিশনের স্বল্পতা, বইয়ের অত্যধিক দাম বৃদ্ধি ও পরিবহণ খরচ বৃদ্ধি ইত্যাদিকে চিহ্নিত করেছেন।